

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৯২

8/ জুমু'আ (إلله عَنْ رَسُول الله الله الله عَلَيْ)

পরিচ্ছেদঃ জুমু'আর দিনে গোসল করা।

باب مَا جَاءَ فِي الإغْتِسَالِ يَوْمَ الْجُمُعَةِ

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّتَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَالِمٍ، عَنْ أَبِيهِ، أَنَّهُ سَمِعَ النَّبِيَّ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ أَتَى الْجُمُعَةَ فَلْيَغْتَسِلْ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ عُمَرَ وَأَبِي سَعِيدٍ وَجَابِرٍ وَالْبَرَاءِ وَعَائِشَةَ وَأَبِي الدَّرْدَاءِ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمْرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

8৯২. আহমদ ইবনু মানী (রহঃ) সালিম (রহঃ) তার পিতা (ইবন উমর) সূত্রে বর্ণনা করেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছেনঃ যে ব্যক্তি জুমু'আয় উপস্থিত হবে সে যেন গোসল করে নেয়।
- ইবনু মাজাহ ১০৮৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৪৯২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবৃ সাঈদ, উমর, জাবির, বারা, আয়িশা ও আবৃদ-দারদা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ।

English

Salim narrated from his father, from his grandfather, that he heard : the Prophet saying: "Whoever comes on Friday, then let him perform Ghusl."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সালিম ইবনু 'আবদুল্লাহ্ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন